সোমবার শুনসান বাণেশ্বর বাজার। ছবি ঃ প্রাণপ্রতিম পাল

ব্যবসায়ীকে ছুরি মারার প্রতিবাদে বাণেশ্বর বাজারে বন্ধ পালিত

পুণ্ডিবাড়ি, ১৬ এপ্রিল ঃ বাণেশ্বর বাজারের মাংস ব্যবসায়ী কার্তিক দেকে ছুরি মারার প্রতিবাদে সোমবার ২৪ ঘণ্টার বাণেশ্বর বাজার বন্ধ পালন করলেন ব্যবসায়ীরা। ব্যবসায়ীদের সঙ্গে স্থানীয়রাও প্রতিবাদে শামিল হন। নিরাপত্তার দাবির পাশাপাশি অভিযুক্ত জনৈক বুদ্ধদেব দাসকে গ্রেফতারের দাবিতে সরব হয়েছেন ব্যবসায়ীরা। বাণেশ্বর ব্যবসায়ী সমিতির সভাপতি শ্যামলকান্তি ঘোষ বলেন, 'প্রশাসনের আশ্বাস পেয়ে অনির্দিষ্টকালের জন্য বাণেশ্বর বাজার বন্ধ প্রত্যাহার করে ২৪ ঘণ্টার বন্ধ পালন করা হয়েছে। ২৪ ঘণ্টার মধ্যে অভিযুক্তকে গ্রেফতার করা না হলে পরবর্তী আন্দোলনের রূপরেখা তৈরি করব আমরা।'

> প্রশাসনের আশ্বাস পেয়ে অনির্দিষ্টকালের জন্য বাণেশ্বর বাজার বন্ধ প্রত্যাহার করে ২৪ ঘণ্টার বন্ধ পালন করা হয়েছে। ২৪ ঘণ্টার মধ্যে অভিযুক্তকে গ্রেফতার করা না হলে পরবর্তী আন্দোলনের রূপরেখা তৈরি করব আমরা।
>
> *—শ্যামলকান্তি ঘোষ, সভাপতি, বাণেশ্বর ব্যবসায়ী সমিতি*

সোমবার সকাল থেকে বাণেশ্বরের চেনা ছবিটা ছিল অনেকটাই আলাদা। গোটা বাজার বন্ধ ছিল। জায়গায় জায়গায় লোকজনের জটলা। সকাল থেকে বাণেশ্বরের ব্যবসায়ীরা বাজারে একত্রিত হয়ে প্রতিবাদ মিছিল বের করেন। বাণেশ্বরের বিভিন্ন পথ পরিক্রমা করে পুনরায় বাণেশ্বর বাজারে এসে শেষ হয় মিছিল। বিকেলে ফের বাজার এলাকায় মিছিল করেন ব্যবসায়ীরা। বাজারে ৬০০-এর বেশি দোকান আছে। বাজারে আরজি পার্টি টহল দেয় রাতে। ব্যবসায়ীদের নিরাপত্তা সুনিশ্চিত করার দাবি জোরালো হয়ে উঠেছে। সন্ধ্যার পর আরজি পার্টির সঙ্গে বাণেশ্বর ফাঁড়ির পুলিশের যৌথ টহলদাবির দাবি করেছেন ব্যবসায়ীরা। নাম প্রকাশে অনিচ্ছুক এক ব্যবসায়ী বলেন, 'বাণেশ্বর এলাকায় কিছু দুষ্কৃতী ব্যবসায়ীদের আতঙ্কের কারণ হয়ে দাঁড়িয়েছে। আমরা নিরাপদ নই। প্রশাসনের এ ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া দরকার। পুলিশ প্রশাসনের উদাসীনতায় এক ব্যবসায়ীকে দিনের বেলায় ছুরি মারার সাহস পেল দুষ্কৃতী।'

পুণ্ডিবাড়ি থানার এক পুলিশ আধিকারিক বলেন, ছুরি মারার বিষয়ে তদন্ত শুরু হয়েছে। এলাকায় পুলিশি টহল বাড়িয়ে দেওয়া হয়েছে। দুষ্কৃতীর খোঁজে তল্লাশি শুরু হয়েছে। অভিযোগ, রবিবার বাণেশ্বর বাজারে ধারে মাংস দিতে রাজি না হওয়ায় ব্যবসায়ী কার্তিক দের বুকে ছুরি মারে জনৈক বুদ্ধদেব দাস। কার্তিকবাবু মাটিতে পড়ে গেলে পালিয়ে যায় ওই দুষ্কৃতী। ওই ঘটনায় বাণেশ্বর এলাকায় সাধারণ ব্যবসায়ীদের মধ্যে আতঙ্ক ছড়িয়েছে। এদিকে আহত ব্যবসায়ী এখনও হাসপাতালে চিকিৎসাধীন। তাঁর অবস্থা হচ্ছে বলে জানা গিয়েছে। – **সংবাদ নিউজ সার্ভিস**

বৃদ্ধার ঝুলন্ত দেহ উদ্ধার

দিনহাটা, ১৬ এপ্রিল ঃ সোমবার দিনহাটা থানার পুলিশ এক বৃদ্ধার ঝুলন্ত দেহ উদ্ধার করেছে। ওই বৃদ্ধার নাম অঞ্জলি বর্মন (৭১)। পুলিশ সূত্রে জানা গিয়েছে, দিনহাটা-১ ব্লকের অন্তর্গত ভিলেজ-১ গ্রাম পঞ্চায়েতের কাউরাই গ্রামের বাসিন্দা অঞ্জলির ঝুলন্ত দেহ তাঁর পরিবারের লোকেরা সোমবার সকালে ঘরের মধ্যে দেখতে পান। খবর পেয়ে দিনহাটা থানার পুলিশ মৃতদেহ উদ্ধার করে থানায় নিয়ে আসে। এদিন মৃতদেহ ময়নাতদন্তের জন্য কোচবিহার এমজেএন হাসপাতালে পাঠানো হয়। পুলিশ জানায়, ওই বৃদ্ধার মৃত্যুর কারণ খতিয়ে দেখা হচ্ছে।

–**সংবাদ নিউজ সার্ভিস**

হলদিবাড়িতে চিকিৎসা শিবির

হলদিবাড়ি, ১৬ এপ্রিল ঃ বিনামূল্যে চিকিৎসা শিবির অনুষ্ঠিত হল হলদিবাড়িতে। হলদিবাড়ি শান্তিনগর ইউনিক ক্লাবের উদ্যোগে সোমবার ক্লাব ভবনে শিবিরটি অনুষ্ঠিত হয়। ক্লাবের পক্ষে প্রসেনজিৎ মিত্র জানান, ক্লাবের প্রতিষ্ঠা দিবস উপলক্ষ্যে শিবিরের আয়োজন করা হয়। শিবিরটি পরিচালনার দায়িত্বে ছিলেন শিলিগুড়ির একটি বেসরকারি হাসপাতালের দুইজন চিকিৎসক সহ পাঁচজনের একটি দল। বিনামূল্যে প্রয়োজনীয় ওষুধ দেওয়া হয়। এছাড়াও বিনামূল্যে ব্লাড প্রেশার ও রক্ত পরীক্ষাও করা হয়। শিবিরে ৩০০ জন চিকিৎসা পরিসেবা নেন। এলাকার দুস্থ মানুষের পাশাপাশি ছাত্রছাত্রীদেরও চিকিৎসা পরিসেবা নিতে দেখা যায়।

– **সংবাদ নিউজ সার্ভিস**

সীমান্তে উদ্ধার কাফ সিরাপ

সিতাই, ১৬ এপ্রিল ঃ বিএসএফের ১০০ নম্বর ব্যাটেলিয়নের জওয়ানরা রবিবার ২০০ বোতল কাফ সিরাপ উদ্ধার করেছেন। বিএসএফ সূত্রে জানা গিয়েছে, ওইদিন রাতে সাউথ চামটা বিত্তপির জওয়ানরা গোপন সূত্রে খবর পেয়ে ৯১৩/৬-এবিপি এলাকা থেকে কাফ সিরাপ উদ্ধার করেন। জওয়ানদের উপস্থিতি টের পেয়ে পাচারকারীরা কাফ সিরাপ ভরতি ব্যাগ ফেলে পালিয়ে যায়। তাই তাদের ধরা সম্ভব হয়নি। সোমবার উদ্ধার করা কাফ সিরাপ শুল্ক কর্তৃপক্ষকে দেওয়া হয়েছে।

–**সংবাদ নিউজ সার্ভিস**

প্রতিবাদ মিছিল

হলদিবাড়ি, ১৬ এপ্রিল ঃ জম্মুর কাঠুয়ার ৮ বছরের শিশুকে গণধর্ষণের প্রতিবাদে পথে নামে এসইউসিআই(সি)। সোমবার সন্ধ্যায় দলের হলদিবাড়ি লোকাল কমিটি উদ্যোগে দোষীদের দৃষ্টান্তমূলক শাস্তির দাবিতে মিছিল বের করা হয়। মিছিলটি দলীয় কার্যালয় থেকে শুরু হয়। এরপর সেটি হলদিবাড়ি শহরের বিভিন্ন পথ পরিক্রমা করে। শেষে বাসস্ট্যান্ডে একটি প্রতিবাদ সভার আয়োজন করা হয়। মিছিল ও পথসভার নেতৃত্ব দেন দলের লোকাল কমিটির সম্পাদক রুহুল আমিন সরকার। রুহুল বলেন, গণধর্ষণ ও হত্যার সঙ্গে যুক্ত প্রকৃত অভিযুক্তদের ধরে উপযুক্ত শাস্তির ব্যবস্থা করা উচিত নরেন্দ্র মোদি সরকারের।

শোকসভা

হলদিবাড়ি, ১৬ এপ্রিল ঃ সমিতির সভাপতির মৃত্যুতে সোমবার শোকসভা করা হল বক্সিগঞ্জে। ঠাকুর শ্রীশ্রী পঞ্চানন যুগধর্ম সমিতির কেন্দ্রীয় কমিটির সম্পাদক তথা বক্সিগঞ্জের বাসিন্দা নরেশচন্দ্র রায় জানান, সমিতির কেন্দ্রীয় কমিটির সভাপতি উপেন্দ্রনাথ রায় গত ৬ এপ্রিল হৃদ্‌রোগে আক্রান্ত হয়ে একটি নার্সিংহোমে মারা যান। তাঁর আত্মার শান্তি কামনায় সোমবার শোকসভা করা হয়। নরেশবাবু জানান, উপেন্দ্রনাথবাবু মাধ্যমিক শিক্ষাকেন্দ্রে কাজের পাশাপাশি মনীষী পঞ্চানন বর্মার আদর্শ সাধারণ মানুষের মধ্যে প্রচার করতেন।

রোজই বন্দুকের মুখে লোথামারির বাসিন্দারা

রামকৃষ্ণ বর্মন ● জামালদহ

১৬ এপ্রিল ঃ ঘুম থেকে উঠেই নিত্যদিন বন্দুকের নলের মুখে পড়তে হয় তাঁদের। ইচ্ছেমতো চলাফেরার স্বাধীনতা নেই। অথচ তাঁরাও স্বাধীন দেশেরই নাগরিক। কোনো অপরাধের সঙ্গে জড়িতও নন। কাঁটাতারের বেড়ার জন্য নিজভূমে পরবাসী হয়ে জীবনযাপন করতে বাধ্য হচ্ছেন বাংলাদেশ সীমান্তবর্তী এলাকার বহু বাসিন্দা। কোচবিহার জেলার মেখলিগঞ্জ ব্লকের জামালদহ গ্রাম পঞ্চায়েতের অন্তর্গত এমনই একটি জনপদ ১৯৭ নম্বর লোথামারি। এই গ্রামটি একেবারে বাংলাদেশ সীমান্তের গা ঘেঁষে অবস্থিত। কাঁটাতারের বেড়া নিয়ে বেজায় বিড়ম্বনায় পড়েছেন এখানকার বাসিন্দারা। তাঁদের দীর্ঘদিনের অভিযোগ, কাঁটাতারের বেড়া দেওয়ার সময় এখানে কোনো নিয়মনীতিই মানা হয়নি। ফলে মূল ভারতীয় ভূখণ্ড থেকে তাঁরা বিচ্ছিন্ন হয়ে পড়েছেন। কাঁটাতারের বেড়ার জন্য কার্যত বন্দি জীবনযাপন করতে বাধ্য হচ্ছেন লোথামারির বাসিন্দারা। গ্রাম পঞ্চায়েত ও স্থানীয় সূত্রে জানা গিয়েছে, ১৯৭ নম্বর লোথামারি গ্রামের শ-দুয়েক বাসিন্দা কাঁটাতারের বেড়ার ওপারে বসবাস করছেন। বাসিন্দাদের অধিকাংশই ক্ষুদ্র চাষি। তাঁরা জানিয়েছেন, 'সকাল ৬টায় আগে কাঁটাতারের বেড়ার গেট খোলা হয় না। সকাল ৬টা থেকে সন্ধ্যা ৬টা পর্যন্ত বিএসএফের কাছে পরিচয়পত্র জমা রেখে আমাদের যাতায়াত করতে হয়। সন্ধে ৬টায় গেট বন্ধ হয়ে যায়। অন্যসময় গেট বন্ধ থাকায় মূল ভারতীয় ভূখণ্ড থেকে আমরা বিচ্ছিন্ন হয়ে পড়ি।'

লোথামারির তাপস বর্মন, রতন অধিকারী, অজয় প্রধান প্রমুখ বলেন, 'কাঁটাতারের বেড়ার গেটের কাছে সারাক্ষণ বন্দুক উঁচিয়ে বিএসএফের জওয়ানরা প্রহরায় থাকেন। নিত্যদিন সেই বন্দুকের নলের মুখে দাঁড়িয়ে নানা কৈফিয়ত দিতে হয়। তারপর গেট দিয়ে নির্দিষ্ট সময়ে যাতায়াতের অনুমতি মেলে। বারবার গেট খোলার সময় বাড়ানোর দাবি জানিয়েও লাভ হয়নি। সন্ধে ৬টার পর থেকে জেলখানার কয়েদির মতো দিনের পর দিন ধরে আমাদের দুঃসহ জীবনযাপন করতে হচ্ছে। কিন্তু দেখার কেউ নেই।'

এ ব্যাপারে মেখলিগঞ্জ ব্লকের বিডিও বিরূপাক্ষ মিত্র জানিয়েছেন, 'ওই এলাকার বাসিন্দাদের অসুবিধার কথা শুনেছি। তবে বিস্তারিত কিছু জানি না। সম্পূর্ণ বিষয়টি পঞ্চায়েত ভোটের পরে খোঁজ নিয়ে দেখব।' জামালদহ গ্রাম পঞ্চায়েতের বিদায়ি প্রধান গোপালচন্দ্র রায় বলেন, 'সরকারের বে-আক্কেলে কাজকর্মের জেরে বেকায়দায় পড়েছেন লোথামারির বাসিন্দারা। কাঁটাতারের বেড়ার ঠেলায় এখানকার প্রায় ২০০ জন বাসিন্দা ভারতীয় মূল ভূখণ্ড থেকে বিচ্ছিন্ন হয়ে পড়েছেন।'

> ওই এলাকার বাসিন্দাদের অসুবিধার কথা শুনেছি। তবে বিস্তারিত কিছু জানি না। সম্পূর্ণ বিষয়টি পঞ্চায়েত ভোটের পরে খোঁজ নিয়ে দেখব।
>
> *–বিরূপাক্ষ মিত্র, বিডিও, মেখলিগঞ্জ*

লোথামারির বাসিন্দারা বলেন, 'পানীয় জল, সেচ, চিকিৎসা ব্যবস্থা কিছুই নেই এখানে। র‍্যাশন, হাসপাতাল, হাটবাজার সবকিছুর জন্যই কাঁটাতারের ফটক পেরিয়ে মূল ভারতীয় ভূখণ্ডে যেতে হয়। রাতে বাড়ির কেউ অসুস্থ হলে যন্ত্রণার শেষ থাকে না। তখন বিএসএফের হাতে-পায়ে ধরতে হয়।'

বিএসএফ সূত্রে অবশ্য জানা গিয়েছে, প্রতি এক হাজার মিটার ব্যবধানে কাঁটাতারের বেড়ার মধ্যে একটি করে গেট তৈরি হয়েছে। ওই গেট দিয়ে প্রতিদিন সকাল ৬টা থেকে সন্ধে ৬টা অবধি সীমান্তবাসীরা চলাচল করতে পারেন।

নিশিগঞ্জে তৃণমূলের কর্মীসভায় বক্তব্য রাখছেন বনমন্ত্রী বিনয়কৃষ্ণ বর্মন। ছবি ঃ তাপস মালাকার

তৃণমূল কর্মীদের হাতে লাঠি রাখার নির্দেশ দিলেন বনমন্ত্রী

নিশিগঞ্জ, ১৬ এপ্রিল ঃ পঞ্চায়েত ভোটের আগে রাতে তৃণমূল কংগ্রেস কর্মীদের হাতে লাঠি রাখতে হবে। রাখতে হবে টর্চলাইটও। সোমবার বিকালে তৃণমূল কংগ্রেসের নির্বাচনি কর্মীসভায় নিশিগঞ্জে এমনই নির্দেশ দিলেন বনমন্ত্রী বিনয়কৃষ্ণ বর্মন। গ্রামে এই এলাকায় ভুট্টাখেতে মাঝেমধ্যে বাইসন আসে। বিজেপির নাম না করে তিনি বলেন, 'দোপায়া' বাইসনদের প্রতিরোধ করতে হাতে লাঠি রাখতে হবে দলীয় কর্মীদের। সামনের বিপক্ষকে পরিষ্কার দেখতে হাতে রাখতে হবে শক্তিশালী টর্চলাইটও।

এদিন বনমন্ত্রী অভিযোগ করেন যে, বিজেপির সন্ত্রাস চালাচ্ছে। রাজ্যের বিরোধী দলগুলি শাসকদলের বিরুদ্ধে সন্ত্রাসের অভিযোগ তুলে সরব হয়েছে। আদালত পর্যন্ত গিয়েছে। তখন এদিন পালটা বিজেপির বিরুদ্ধে সন্ত্রাসের অভিযোগ আনলেন বনমন্ত্রী। বিনয়বাবু বলেন, সিপিএম এরাজ্যে বহু সন্ত্রাস করেছে। কিন্তু মনোনয়নপত্র জমা দিতে বাধা দেয়নি। আমরাও গত পঞ্চায়েত নির্বাচন শান্তিপূর্ণভাবে করেছি। কিন্তু এবার সারা রাজ্য জুড়ে বিজেপি সন্ত্রাসের বাতাবরণ তৈরি করেছে।

মাথাভাঙ্গা-২ ব্লক তৃণমূল সম্পাদক মোসলেম মিয়াঁ মনোনয়নপত্র জমা দিতে গিয়ে বিজেপির হাতে আক্রান্ত হয়েছেন। যে দলটার এখনও এরাজ্যে শিকড়ই গজায়নি তাদের এই কর্মকাণ্ড বাংলার মানুষ মেনে নেবেন না।

বনমন্ত্রী এদিন তৃণমূল কংগ্রেসের নিশিগঞ্জ-১ ও নিশিগঞ্জ-২ অঞ্চলের কর্মীসভায় বলেন, রাজ্যের পঞ্চায়েতমন্ত্রী বার্তা দিয়েছেন যে বিরোধীশূন্য পঞ্চায়েত হলে সেই গ্রাম পঞ্চায়েত উন্নয়নের জন্য বছরে ১০ কোটি টাকা অনুদান পাবে। নিশিগঞ্জ-১ ও নিশিগঞ্জ-২ গ্রাম পঞ্চায়েত বিরোধীশূন্য হবে বলে তিনি আশা প্রকাশ করেন।

এদিন কোচবিহার-৭ নম্বর জেলাপরিষদের আসনে তৃণমূল প্রার্থী মমতাজ খাতুন সহ ৩১ জন পঞ্চায়েত ও পঞ্চায়েত সমিতির প্রার্থীর সঙ্গে দলীয় কর্মীদের পরিচয় করিয়ে দেওয়া হয়। এদিন বনমন্ত্রী দলীয় প্রার্থী ও তৃণমূল কর্মীদের নিয়ে নিশিগঞ্জ বাজার এলাকায় মিছিলে অংশ নেন।

– **সংবাদ নিউজ সার্ভিস**

দুর্বৃত্তদের তাণ্ডব রোখার দাবি পুলিশ সুপারকে

কোচবিহার, ১৬ এপ্রিল ঃ পুণ্ডিবাড়ি থানায় অভিযোগ জানিয়েও কাজ হয়নি। তাই দুর্বৃত্তদের তাণ্ডব রুখতে কোচবিহারের পুলিশ সুপারের দ্বারস্থ হলেন পুণ্ডিবাড়ি থানার অন্তর্গত দক্ষিণ কালা রায়ের কুঠি এলাকার জনৈক হাসিনা বেওয়া। তাঁর অভিযোগ, স্বামীর মৃত্যুর পরে মেয়েকে নিয়ে তিনি বাস করতেন। মেয়ের বিয়ে হয়ে যাওয়ার পর বাড়িতে একাই থাকেন তিনি। জমি-বাড়ি আত্মসাৎ করার জন্য তাঁকে শারীরিক ও মানসিক নির্যাতন করছে প্রতিবেশী বেশ কয়েকজন। হাসিনা বলেন, তারা আমার বাড়িতে ঢিল ছোড়ে। অশ্রব্য ভাষায় গালিগালাজ করে। প্রতিবাদ জানালে মারধরও করে।

তিনি আরও বলেন, সম্প্রতি পুণ্ডিবাড়ি থানায় অভিযোগ জানান তিনি। এরপর অত্যাচার কিছুটা কমে। আবার শুরু হয়েছে শারীরিক ও মানসিক নির্যাতন। প্রাণনাশের হুমকিও দেওয়া হচ্ছে। পুলিশ সুপারের দপ্তর থেকে ব্যবস্থা গ্রহণের আশ্বাস দেওয়া হয়েছে বলে জানা গিয়েছে।

– **সংবাদ নিউজ সার্ভিস**

বাবুরডাঙ্গায় মেলা

ঘোকসাডাঙ্গা, ১৬ এপ্রিল ঃ সোমবার মাথাভাঙ্গা ২ ব্লকের উনিশবিশা গ্রাম পঞ্চায়েতের অন্তর্গত বাবুরডাঙ্গায় অনুষ্ঠিত হল চড়কমেলা। স্থানীয় বাবুরডাঙ্গা প্রাথমিক বিদ্যালয়ের মাঠে আয়োজিত মেলায় ভিড় উপচে পড়ে। মেলা কমিটির সভাপতি অমল বর্মন এ খবর জনিয়ে বলেন, এবার মেলার সুবর্ণজয়ন্তী।– **সংবাদ নিউজ সার্ভিস**

বন্ধ এটিএম ফের খোলা হচ্ছে

বেহাল এটিএম। ছবি ঃ সজল দে

মেখলিগঞ্জ, ১৬ এপ্রিল ঃ মহকুমা শহর মেখলিগঞ্জে ছয় মাসেরও বেশি সময় ধরে সেন্ট্রাল ব্যাংকের এটিএম-টি বন্ধ থাকায় দুর্ভোগে পড়েছেন গ্রাহকরা। মেখলিগঞ্জ শহরে সবচেয়ে পুরোনো এই ব্যাংকের গ্রাহক সংখ্যা সবচেয়ে বেশি। সেটি শীঘ্রই চালু হবে বলে জানা গিয়েছে। স্বাভাবিকভাবেই এই ব্যাংকের এটিএম বন্ধ থাকায় ব্যাংকে লাইন দিয়ে টাকা তুলতে বাধ্য হচ্ছেন গ্রাহকরা। প্রয়োজনে ব্যাংকের সময়ের বাইরে টাকা তোলা যাচ্ছে না।

উল্লেখ্য, গত বছর সেপ্টেম্বর মাসে কদমতলা মোড়ে অবস্থিত ব্যাংকের দোতলার চাঙড় খসে পড়লে ব্যাপক আতঙ্ক ছড়ায় ব্যাংক কর্মী ও গ্রাহকদের মধ্যে। এরপর ব্যাংকের ভবনটি বদল করে মেখলিগঞ্জ বাসস্ট্যান্ডে আনা হয়। ব্যাংকের জায়গা বদল হলেও কদমতলা মোড় সংলগ্ন এলাকাতেই বেহাল অবস্থায় পড়ে আছে এটিএম-টি। সোমবার ব্যাংকের মেখলিগঞ্জ শাখার ম্যানেজার সোনু বর্মা জানান, শীঘ্রই এটিএম চালু হয়ে যাবে।

–**সংবাদ নিউজ সার্ভিস**

জোড়া পথ দুর্ঘটনায় আহত ছয়

হলদিবাড়ি, ১৬ এপ্রিল ঃ পৃথক দুটি পথ দুর্ঘটনায় আহত হলেন ৬ জন। এতে চাঞ্চল্য ছড়ায় হলদিবাড়িতে। জানা গিয়েছে, আহত ছয়জনের বয়স ১৮ থেকে ১৯-এর মধ্যে। প্রথম দুর্ঘটনাটি ঘটে দক্ষিণ বড় হলদিবাড়ি গ্রাম পঞ্চায়েত এলাকার হুজুরের মাজার সংলগ্ন পেয়ারা বাগান এলাকায়। স্থানীয়রা জানান, ওইদিন রাত সাড়ে দশটা নাগাদ বাইক নিয়ে দুইজন এক সাইকেল আরোহীকে ধাক্কা মারেন। এতে সাইকেল আরোহী সহ তিনজনই রাস্তার উপর পড়ে যান। তিনজনকেই হলদিবাড়ি গ্রামীণ হাসপাতালে নিয়ে যাওয়া হয়। কর্তব্যরত চিকিৎসক জানান, বাইক আরোহী সঞ্জীব দাসের ডান পা ভেঙে ঝুলে যায়। বুলু রায়ের মাথায়, কানে ও বুকে আঘাত লেগেছে। দুইজনের অবস্থা আশঙ্কাজনক হওয়ায় তাঁদের জলপাইগুড়ি সদর হাসপাতালে রেফার করা হয়। সাইকেল আরোহীর পায়ে আঘাত লেগেছে।

অপর দুর্ঘটনাটি ঘটে দেওয়ানগঞ্জ গ্রাম পঞ্চায়েত এলাকার চৌতুর মোড় এলাকায়। স্থানীয় সূত্রে জানা যায়, ওইদিন রাতে একটি বাইকে করে তিনজন বাড়ি ফিরছিলেন। ওই এলাকায় উলটো দিক থেকে আসা একটি টোটোকে ধাক্কা মারে বাইকটি। আহত হন তিন বাইক আরোহী। তাঁদের হলদিবাড়ি হাসপাতালে নিয়ে আসেন স্থানীয়রা। বাইক আরোহী সুবল রায়ের পায়ে আঘাত লেগেছে। তাঁকে জলপাইগুড়ি সদর হাসপাতালে রেফার হয়েছে। – **সংবাদ নিউজ সার্ভিস**

পথ দুর্ঘটনায় আহতের মৃত্যু

ঘোকসাডাঙ্গা, ১৬ এপ্রিল ঃ পথ দুর্ঘটনায় আহত ব্যক্তির মৃত্যু হল রবিবার। সোমবার ঘোকসাডাঙ্গা পুলিশ মৃতদেহ মাথাভাঙ্গা মর্গে ময়নাতদন্তের জন্য পাঠিয়ে তদন্ত শুরু করেছে।

স্থানীয় ও পুলিশ সূত্রে জানা গিয়েছে, গত বৃহস্পতিবার সকালে মাথাভাঙ্গা-২ ব্লকের ছেরামারি এলাকার জনৈক দিলীপ রায় (৪৯) সাইকেলে ঘোকসাডাঙ্গা হাটে আসছিলেন। মাথাভাঙ্গা-ঘোকসাডাঙ্গা রাজ্য সড়কে পাটকামারি সংলগ্ন এলাকায় ছোটো গাড়ির ধাক্কায় গুরুতর আহত হন তিনি। তাঁকে স্থানীয়রা উদ্ধার করে ঘোকসাডাঙ্গা ব্লক প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র ও পরে কোচবিহারের একটি বেসরকারি নার্সিংহোমে ভরতি করান। রবিবার সন্ধ্যায় সেখান থেকে বাড়ি নিয়ে আসার সময় রাস্তাতেই মৃত্যু হয় তাঁর। এইদিন মৃতদেহ ময়নাতদন্তের জন্য মাথাভাঙ্গা মর্গে পাঠানো হয়েছে। এই বিষয়ে মৃতের পরিবার ঘোকসাডাঙ্গা থানায় লিখিত অভিযোগ দায়ের করেছে। গোটা ঘটনার তদন্ত ও ঘাতক গাড়ির খোঁজে তল্লাশি শুরু করেছে পুলিশ বলে থানা সূত্রে জানা গিয়েছে। – *সংবাদ নিউজ সার্ভিস*

প্রতিশ্রুতি দিয়েও সেতু তৈরি না করার কৈফিয়ত চান কোয়ালিদহের বাসিন্দারা

কোয়ালিদহে এই সাঁকোর জায়গায় সেতু তৈরির দাবি দীর্ঘদিনের। ছবি ঃ পার্থসারথি রায়

দিনহাটা, ১৬ এপ্রিল ঃ পাকা সেতুর দাবি এলাকাবাসীর দীর্ঘদিনের। ভোটের পর ভোট চলে যায়। কিন্তু সেতুর দাবি পূরণ হয় না। গত পঞ্চায়েত নির্বাচনে বর্তমান শাসকদলের পক্ষ থেকেও প্রতিশ্রুতি মিলেছিল। কিন্তু এলাকায় সেতু তৈরি হয়নি। ফলে দিনহাটা-১ ব্লকের অন্তর্গত পুঁটিমারি-১ গ্রাম পঞ্চায়েত এলাকার কোয়ালিদহ গ্রামের বাসিন্দারা ক্ষুব্ধ। বাসিন্দাদের অভিযোগ, বাম আমলের মতো তৃণমূল কংগ্রেস সরকারের আমলেও এই সমস্যা সমাধানে কোনো গুরুত্ব দেওয়া হয়নি। স্থানীয় মানুষ এ ব্যাপারে কৈফিয়ত চায়।

স্থানীয় জনৈক বীরেন সরকার, রেখারানি বর্মন, সঞ্জয় মোদক ও শংকর মোদক জানান, কোয়ালিদহ গ্রামের মধ্য দিয়ে প্রবাহিত বোরামারির নালা বানিয়াদহ নদীতে মিলিত হয়েছে। এই নালাতে পাকা সেতু তৈরি না হওয়ায় উভয়দিকের বেশ কয়েকটি গ্রামের মানুষ যুগ যুগ ধরে অসুবিধার মধ্যে রয়েছে। নালার একদিকে রয়েছে মহেশেরহাট ও জড়াবাড়ি হাইস্কুল। অন্যদিকে রয়েছে পুঁটিমারি হাইস্কুল এবং দিনহাটা শহর। সেতুর অভাবে নালার উভয়দিকের কৃষক, ব্যবসায়ী, ছাত্রছাত্রী ও সাধারণ মানুষ ঘুরপথে হাট-বাজার, স্কুল-কলেজে যাতায়াত করতে বাধ্য হচ্ছে। স্থানীয় ছাত্রছাত্রীদের মধ্যে সঞ্জয় সরকার, বীথিকা শর্মা ও সুস্মিতা মোদক জানায়, বছরের অন্য সময় বাঁশের সাঁকো দিয়ে যাতায়াত করা সম্ভব হলেও বর্ষাকালে আমাদের স্কুলে যেতে হয় প্রায় দ্বিগুণ পথ ঘুরে। এলাকার কৃষক ও ব্যবসায়ীরাও তাঁদের যাতায়াতের সমস্যার কথা জানিয়েছেন।

উল্লেখ্য, পুঁটিমারি-১ গ্রাম পঞ্চায়েত এলাকায় বানিয়াদহ নদীতেও কোরাচালেরকুঠিতেও পাকা সেতু তৈরি হয়নি বলে স্থানীয় মানুষের অভিযোগ। পাশাপাশি পুঁটিমারি হাইস্কুল থেকে নাজিরভিটা ও গড়ের মাথা এবং মহেষেরহাটমুখী রাস্তা পাকা করা সহ বেশ কিছু এলাকায় বিশুদ্ধ পানীয় জল সরবরাহের দাবিও তুলেছেন বাসিন্দারা। স্থানীয় জনৈক আরতি বর্মন, দেবাশিস রায়, প্রভাসচন্দ্র বর্মন প্রমুখ জানান, দেড় বছর আগে বিশুদ্ধ পানীয় জল সরবরাহের জন্য পাইপ বসানো হলেও আমরা জল পাইনি।

গ্রামের রাস্তা বর্ষাকালে চলাচলের অযোগ্য হয়ে পড়ে। তাই আসন্ন পঞ্চায়েত ভোটের প্রচারে শাসকদলের নেতারা এলে এলাকার মানুষ প্রতিশ্রুতি পূরণ না করার কৈফিয়ত চাইবে। পুরো বিষয়টি সম্পর্কে স্থানীয় গ্রাম পঞ্চায়েতের বিদায়ি প্রধান রফিকুল হক জানান, গ্রাম পঞ্চায়েত এলাকার যোগাযোগ ব্যবস্থা স্বাভাবিক করার লক্ষ্যে তিনটি পাকা সেতু তৈরির জন্য প্ল্যান, এস্টিমেট বিভিন্ন দপ্তরে পাঠানো হয়েছে। পঞ্চায়েতের তহবিল থেকে বেশ কয়েকটি রাস্তায় পাথর বিছানো হয়েছে। কিছু রাস্তার কাজ চলছে। রাস্তাগুলি পাকা করার জন্য সংশ্লিষ্ট বিভিন্ন দপ্তরে প্রস্তাব পাঠানো হয়েছে।' দিনহাটা-১ পঞ্চায়েত সমিতির বিদায়ি সভাপতি ঝর্ণা দাস বলেন, 'ওই গ্রাম পঞ্চায়েত এলাকায় পাকা সেতু নির্মাণ ও রাস্তা পাকা করার বিষয়ে সংশ্লিষ্ট দপ্তরে আবেদন জানানো হয়েছে।'

–**সংবাদ নিউজ সার্ভিস**